


খুলনার থ্রি ডক্টরস কোচিং সেন্টারে অভিযান চলছে

নিজস্ব প্রতিবেদক, ঢাকা

১০ অক্টোবর ২০১৯, ১৩:১৭

আপডেট: ১০ অক্টোবর ২০১৯, ১৩:২০




খুলনার মেডিকেল ভর্তি কোচিং থ্রি ডক্টর্সে অভিযান চালায় খুলনা জেলা প্রশাসন। অভিযান শেষে পরিচালক তারিমকে (বামে ফোনে কথা বলছেন) জিজ্ঞাসাবাদের জন্য নিয়ে যাওয়া হচ্ছে। বেনীবাবু সড়ক, খুলনা, ১০ অক্টোবর। ছবি: সাদ্দাম হোসেন

খুলনা শহরে মেডিকেল কোচিং সেন্টার থ্রি ডক্টরসে অভিযান চালাচ্ছে স্থানীয় প্রশাসন। দুজন ম্যাজিস্ট্রেটের নেতৃত্বে পুলিশ

সদস্যরা এ অভিযানে অংশ নিচ্ছেন। আজ বৃহস্পতিবার বেলা ১১টার পর অভিযান শুরু হয়।

রাষ্ট্রের একটি গোয়েন্দা সংস্থার প্রতিবেদনে বলা হয়েছে, থ্রি ডক্টরস কোচিং সেন্টারের সঙ্গে সংশ্লিষ্ট ব্যক্তিরা মেডিকেলের ভর্তি পরীক্ষার উত্তরপত্রে কারসাজি করে কয়েক বছর ধরে শিক্ষার্থী ভর্তি করে আসছেন। খুলনা মহানগরের কেন্দ্রস্থলে ফুল মার্কেটের কাছে একটি বহুতল ভবনে এ কোচিং সেন্টার অবস্থিত। এর মালিক ইউনুস খান তারিম একজন সরকারি চিকিৎসক। তিনি খুলনা মেডিকেল কলেজ হাসপাতালের মেডিকেল অফিসার।



গোয়েন্দা সংস্থা বলছে, বিপুল পরিমাণ অর্থের বিনিময়ে কারসাজি করে শিক্ষার্থী ভর্তি করার ব্যাপারে এ কোচিং সেন্টারটি জড়িত। এ বিষয়ে প্রথম আলোর প্রথম পৃষ্ঠায় একটি প্রতিবেদন ছাপা হয়েছে।

সরকারের গুরুত্বপূর্ণ একটি গোয়েন্দা সংস্থা এ বিষয়ে অনুসন্ধান শেষে এক প্রতিবেদনে বলেছে, খুলনার এই কোচিং সেন্টার ভর্তি-বাণিজ্যের মাধ্যমে ‘মেধাহীন’, ‘অযোগ্য’ ছাত্রছাত্রীদের মেডিকলে ভর্তির সুযোগ করে দিচ্ছে। জনপ্রতি ৩৫ থেকে ৪০ লাখ টাকা করে নিয়ে যাচ্ছে। এই ভর্তি-বাণিজ্যের মাধ্যমে বছরে শতকোটি টাকার বেশি অবৈধ লেনদেন চলছে।